সংবাদ

তারিখ ..01 MAR 2017... পৃষ্ঠা ...১... কলাম ...২...

পাবিপ্রবিতে

# সালাম না দেয়ায় শিক্ষার্থীকে পেটাল হাতুড়ি রড দিয়ে এক বড় ভাই

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম বিভাগের প্রথম বর্ষের এক শিক্ষার্থীকে রড ও হাতুড়ি দিয়ে পিটিয়ে জখম করেছেন একই বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা। সোমবার সন্ধ্যায় ক্যাম্পাসে একই বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী এক বড় ভাইকে সালাম না দেয়ায় এ ঘটনা ঘটে। আহত ছাত্র তৌকির আহমেদকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সে নড়াইল জেলার লোহাগাড়া গ্রামের হারুন অর রশিদের ছেলে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আউয়াল কবির জয় ঘটনার সত্যতা স্বীকার জানান, এ ধরনের ঘটনা সত্যিই আমাদের বিশ্ববিদ্যালয়ের জন্য একটি খারাপ খবর। কেউ সামান্য অজুহাতে শিক্ষার্থীকে : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## শিক্ষার্থীকে : পেটাল

(১ম পৃষ্ঠার পর)

এভাবে মারপিট করে আমার নিজেরও জানা ছিল না, দেখে সত্যিই খারাপ লেগেছে। হাসপাতালের চিকিৎসকদের সুষ্ঠুভাবে চিকিৎসা প্রদানের জন্য বলা হয়েছে। দোষী ছাত্রদের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ রক্ষায় প্রশাসন তৎপর রয়েছে। আহত শিক্ষার্থীর সহপাঠীরা অভিযোগ করে বলেন, সন্ধ্যায় তৌকির ক্যাম্পাসের হল থেকে নাস্তা করার জন্য দোকানে যাচ্ছিল। পথিমধ্যে একই বিভাগের ৩য় বর্ষের বড় ভাই তানভীরসহ কয়েকজনের সঙ্গে দেখা হয়। তৌকির তাদের চিনতে না পারায় সালাম দেয়নি এমন অভিযোগে তাকে এলোপাতাড়িভাবে মারপিট করে। এক পর্যায়ে তারা রড ও হাতুড়ি দিয়ে পিটিয়ে মারাত্মক জখম করে ফেলে রেখে যায়।